

	  <b>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প</b> <b>কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি</b> <b>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</b>	
---	---	---

### ২৫-২৬ ফেব্রুয়ারি সম্ভাব্য বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, গাইবান্ধা, ঠাকুরগাঁও, পঞ্চগড়, লালমনিরহাট, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, পাবনা, রাজশাহী, সিরাজগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর, শেরপুর, ঢাকা, গাজীপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদি, টাঙ্গাইল, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলার জন্য)

প্রকাশের তারিখ : ২৩ ফেব্রুয়ারি, ২০২২

২৫-২৬ ফেব্রুয়ারি দেশের ৩৭টি জেলায় হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এ ধরনের বৃষ্টিপাত ফসল চাষ এবং মাঠে দন্ডায়মান ফসলের ওপর প্রভাব ফেলতে পারে। বৃষ্টিপাতের ক্ষতিকর প্রভাব কমিয়ে আনার লক্ষ্যে দন্ডায়মান ফসলের জন্য নিম্নলিখিত বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হলো।

- সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
- পরিপক্ক সবজি, আলু, মসুর, সরিষা ও উদ্যানতাত্ত্বিক ফসল দ্রুত সংগ্রহ করে শুকনো ও নিরাপদ স্থানে রাখুন।
- বোরো ধান ও গমে ব্লাস্ট রোগ দেখা দিতে পারে। রোগ দেখা দিলে নিয়ন্ত্রণের জন্য অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- চীনাবাদাম, গম, ভুট্টা, সরিষা, মসুর, সবজি ও আলুর জমিতে যেন পানি জমে থাকতে না পারে সেজন্য নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন।
- বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।
- দন্ডায়মান কলা গাছ, আখ ও উদ্যানতাত্ত্বিক ফসলের জন্য খুঁটির ব্যবস্থা করুন।



ড. মোঃ শাহ কামাল খান  
 প্রকল্প পরিচালক  
 মোবাইল ফোন নং +৮৮০১৭১২ ১৮৪২৭৪